গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
www.fisheries.natore.gov.bd

**অক্টোবর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ০১/১১/২০২২খ্রি.। |
| সভার সময় | সকাল ০৯.০০ ঘটিকা। |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে সংযুক্ত করা হলো। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে (পরিশিষ্ট ক) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতপর জেলার কার্যক্রমের উপর বিষয় ভিত্তিক আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন। পরিশেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন পর্যালোচনা**<br>বিল নার্সারী স্থাপন, অভয়াশ্রম,সেমিনার/ওয়ার্কশপ অর্জন শূন্য। নলডাংগা উপজেলায় জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত/পরিচালনা সংক্রান্ত ০১টি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সকল উপজেলায় পোনা অবমুক্তকরণ সম্পন্ন হয়েছে, ফলে এ পর্যন্ত জেলার গড় অর্জন ১৩৮%; মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি/উদ্বুদ্ধকরণ সভা নাটোর সদরে ২টি, গুরুদাসপুর ১টি, সিংড়ায় ১টি, বড়াইগ্রাম ১টি ,লালপুরে ০২টি (টি) সহ মোট ০৭টি সম্পন্ন হয়েছে, জেলার গড় অর্জন ৫২%; চলতি অক্টোবর মাসে মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের আওতায় নাটোর সদরে ০২টি, সিংড়ায় ৫টি, বড়াইগ্রাম ৩টি ,গুরুদাসপুর ৩টি, লালপুর ১৫টি, বাগাতিপাড়া ০১টি, নলডাঙ্গা ০৩টি সহ মোট ৩২টি (টি) এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ৪৮টি আইন বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে, জেলার গড় অর্জন ৮০%; চলতি মাসে প্রদর্শনী খামার স্থাপন সিংড়ায় ০৫টি, সহ জেলার মোট ১১টি অর্জিত হয়েছে, জেলার গড় অর্জন ২৮%; আয়োজিত মৎস্য মেলা/উদ্ভাবনী মেলা/মৎস্যচাষি র‍্যালি (টি) এর আওতায় লালপুর উপজেলায় বর্তমান মাসে ০১টি সহ মোট ০৮টি র‍্যালি সম্পন্ন হয়েছে, জেলার গড় অর্জন ৫০%; মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ সংক্রান্ত লাইসেন্স প্রদান/নবায়ন এর আওতায় চলতি মাসে সদরে ০৩টি, লালপুর ০২টি,নলডাংগা ৬টি, বড়াইগ্রাম ১৩টি সহ মোট ২৪টি লাইসেন্স প্রদান/নবায়ন করা | ১. এপিএ চুক্তি মোতাবেক প্রথম তিন মাসের যাবতীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে সংশ্লিস্ট প্রমাণক সংরক্ষণ করাহয়েছে।<br>২. ওয়েব পোর্টালে প্রথম ত্রৈমাসিকের সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে এবং প্রতি ত্রৈমাসিকেই পৃথক পৃথকভাবে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করতে হবে।<br>৩. এপিএ চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে চেকলিস্ট মোতাবেক একশন প্লান তৈরী করে যথাসময়ে APA লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ ও প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।<br>৪. এপিএ-এর চলমান কার্যক্রম সংশ্লিষ্ট সকল রেজিস্টার সঠিক ফরমেট অনুযায়ী সঠিকভাবে প্রতিমাসেই হালনাগাদ করতে হবে। এপিএ রেজিস্টারের প্রতি পৃষ্টায় সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে, জেলার ক্রমপুঞ্জিত অর্জন ৬৩টি, গড় অর্জন ৭৯ % । মৎস্য খাদ্য নমুনা পরীক্ষার ২০টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১৯টি খাদ্য নমুনা পরীক্ষা করা হয়েছে, জেলার গড় অর্জন ৯৫%। তাছাড়া পরিদর্শন ও পরামর্শ প্রদান ৩৩%, সুফলভোগী প্রশিক্ষণ ৪% অর্জিত হয়েছে। | | |
| ০২ | **এপিএ-র সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন**<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক ২য় ত্রৈমাসিকের জন্য নির্ধারিত যাবতীয় কাজ যথাসময়ে সম্পাদন | এপিএ-র সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনে পরিকল্পনা মোতাবেক ২য় ত্রৈমাসিকের যাবতীয় সভা এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে এবং কার্যক্রমসমূহ বাস্তবায়ন করত: লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য |
| ০৩ | **জেলেদের তালিকা হালনাগাদকরণ**<br>জেলেদের তালিকা হালনাগাদকরণের জন্য নির্ধারিত ফরমে আবেদন ও মৃত জেলেদের তথ্য সংগ্রহ | নতুন জেলেদের জন্য নির্ধারিত ফরমে আবেদন এবং মৃত ও পেশা পরিবর্তনজনিত জেলেদের তথ্য সংগ্রহ করে হালনাগাদ কার্যক্রম বাস্তবায়ন অব্যহত রাখতে হবে। জেলেদের তালিকা হালনাগাদ কার্যক্রম বাস্তবায়ন অব্যহত রাখার লক্ষ্যে উপজেলা ভিত্তিক প্রয়োজনীয় পরিমান ফরমের চাহিদাঃ গুরুদাসপুর ২০০ টি, লালপুর ১০০ টি, বড়াইগ্রাম ১০০ টি, সিংড়া ৫০ টি, নলডাঙ্গা ৫০ টি, নাটোর সদর ৫০ টি মোট ৫৫০ টি। চাহিদা অনুযায়ী ফরম সরবরাহ করা হবে। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ০৪ | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণ**<br>স্ব-প্রণোদিত তথ্যের তালিকাসহ তথ্যের ক্যাটলগ অনুযায়ী তথ্য প্রকাশ | স্ব-প্রণোদিত তথ্যের তালিকাসহ তথ্যের ক্যাটলগ অনুযায়ী সকল সেবা বক্সসমূহ হালনাগাদ করতে হবে। সকল প্রকাশযোগ্য প্রতিবেদনসমূহ ও সেবা কার্যক্রমের তথ্যচিত্র নিয়মিত আপলোড করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | **ওয়েব মেইল ব্যবহার**<br>সকল দপ্তরের দাপ্তরিক ই-মেইল ব্যবহার করতে হবে। এখন পর্যন্ত সব উপজেলা হতে ওয়েবমেইলে পত্রাদি পাওয়া যাচ্ছে না। | সকল দপ্তর প্রধানগণকে ওয়েব মেইল ব্যবহারে যত্নবান হওয়ার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ০৬ | **রাজস্ব প্রশিক্ষণ**<br>সকল উপজেলায় ০২ ব্যাচের প্রশিক্ষণের জন্য ২৫০০০টাকা করে বরাদ্দ পাওয়া গেছে।দ্রুত প্রশিক্ষণ শুরু করতে হবে। | প্রশিক্ষণ সিডিউল তৈরি করতঃ কমপক্ষে ০৭ দিন পূর্বে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ও দ্রুত প্রশিক্ষণ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ০৭ | **মৎস্য বীজ উৎপাদন খামার**<br>লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্পন্ন মাছের রেণু ও পোনা উৎপাদন কার্যক্রম অব্যহত রাখা।<br>বর্তমান মাস পর্যন্ত অগ্রগতি:<br>১. মৎস্যবীজ উৎপাদন খামার,নাটোর সদর এর রেনু উৎপাদন ২২ কেজি, আয় ৪১৮০০টাকা<br>২. মৎস্যবীজ উৎপাদনখামার, কারবালা, বড়াইগ্রাম, নাটোর এর রেনু উৎপাদন ১.৭৫ কেজি, আয় ৩৩২৫টাকা।<br>৩. মৎস্যবীজ উৎপাদন খামার, বড়াইগ্রাম, নাটোর এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন উৎপাদন ও আয় নাই। লক্ষমাত্রা মোতাবেক কার্প পোনা ৪২০০০টি, শিং পোনা ১০০০০টি উৎপাদন করতে হবে । | ১. খামারসমূহকে নিজ নিজ লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্পন্ন মাছের রেণু/পোনা উৎপাদন ও সরবরাহের বিষয়টি গুরুত্ব সহকারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. রেণু গ্রহণকারী চাষিকে রেণু পরিচর্যা ও পুকুর ব্যবস্থাপনা বিষয়ে খামার ব্যবস্থাপককে আন্তরিকতার সাথে পরামর্শ প্রদান করার জন্য অনুরোধকরা হয়।<br>৩. খামারের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিতে যথাযথ উদ্যোগ নিতে বলা হয়।<br>৪. মাসিক সমন্বয় সভায় সকল খামার ব্যবস্থাপকগখকে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়।<br>৫.আগামী বছর সরকারি খামার হতে আশপাশের উপজেলায় পোনা সরবরাহে যত্নবান থাকার জন্য অনুরোধ করা হয়।<br>৬.শীত মৌসুমে কমন কার্পের রেণু উৎপাদনের অনুরোধ করা হয় । | খামার ব্যবস্থাপকগণ । |
| ০৮ | **মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়ন পর্যালোচনা**<br>চলতি মাস পর্যন্ত মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনের আওতায় গণসচেতনতা সভা-১৩টি, | ১. সকল উপজেলায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনের আওতায় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | হাটবাজার পরিদর্শন ২২১টি, অভিযান-৪৮টি ও মোবাইল কোর্ট -১৬টি পরিচালনা করা হয়েছে। এ পর্যন্ত জরিমানা ১৫০০০.০০টাকা, জব্দকৃত জাল ২.৩০ লক্ষ মিটার, জব্দকৃত মাছ ৩.৬ মে.টেন । | | |
| ০৯ | **মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন এবং মৎস্য হ্যাচারি আইন বাস্তবায়ন পর্যালোচনা**<br>লাইসেন্স গ্রহণ ও নবায়ন জোরদার করার লক্ষ্যে মৎস্যখাদ্য ও হ্যাচারী আ্যইনের আওতায় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। মৎস্য খাদ্য আইনে অভিযান ৫ টি, মোবাইল কোর্ট ৩টি এবং মৎস্য হ্যাচারি আইনে সিংড়ায় মোবাইল কোর্ট ১টি ও নাটোর সদরে অভিযান ১টি বাস্তবায়িত হয়েছে। | ১. মৎস্যখাদ্য খুচরা/পাইকারী দোকান/হ্যাচারি বছরভিত্তিক লাইসেন্স গ্রহণ ও নবায়ন অতি দ্রুত শেষ করতে হবে। লাইসেন্স নবায়নের জন্য কমপক্ষে ০১ (এক) মাস আগেই আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. নিয়মিত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ১০ | **এনএটিপি-২ প্রকল্প**<br>এনএটিপি ২ প্রকল্পের আওতায় সিংড়া ও লালপুর উপজেলায় এআ্ইএফ-২ এর আওতায় ১০টি করে এ্যারেটরের বরাদ্দ পাওয়া গেছে। প্রদর্শনী ৩১টি,এআ্ইএফ-২ ১০ টি বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রদর্শনী ১০ টি বাস্তবায়িত হয়েছে এবং এ্যারেটর বিতরন করা হয়েছে । | এনএটিপি-২ প্রকল্পের অর্থ সহায়তায় অন্যান্য উপজেলা হতেও যথাসময়ের মধ্যে নির্ভুলভাবে এআইএফ-২ এর প্রস্তাব প্রেরণ করার এবং বাস্তবায়িত অন্যান্য কার্যক্রম মনিটরিং অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ১১ | **রাজশাহী বিভাগে মৎস্য উন্নয়ন প্রকল্প**<br>প্রতিটি উপজেলায় ৯ টি প্রদর্শনী বাস্তবায়নের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। | অত্র প্রকল্পের আওতায় দ্রুত প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ১২ | **ক্ষুদ্র ঋণ আদায় পর্যালোচনা**<br>চলতি মাসে সিংড়ায় ৩০০০০টাকা, সদরে ২৩৮০ টাকা, লালপুর ২০০০টাকা, বাগাতিপাড়া ১০০০টাকা মোট ৩৫৩৮০.০০ টাকা আদায় হয়েছে। | ক্ষুদ্র ঋণ আদায় জোরদার করার ও রেজিস্ট্রারসমূহ সংরক্ষণে যত্নবান থাকার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ১৩ | **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন**<br>সিটিজেন চার্টারভূক্ত একটি উদ্ভাবনী ধারণা/ সেবা সহজীকরণ/ ডিজিটাইজেশন প্রস্তাব প্রেরণ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা' র আওতায় সিটিজেন চার্টারভূক্ত একটি উদ্ভাবনী ধারণা/ সেবা সহজীকরণ/ ডিজিটাইজেশন বাস্তবায়ন করার জন্য সব উপজেলা দপ্তর হতে বাস্তবায়নযোগ্য একটি প্রস্তাব প্রেরণ করার জন্য বলা হয়। | জেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ১৪ | **বিবিধ** | ১. সকল ব্যয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কৃচ্ছতা অবলম্বন করার জন্য বলা হয়। ক্রয়কৃত প্রতিটি দ্রব্য সামগ্রী মজুদ বহিতে যথাযথভাবে উত্তোলন এবং ভাউচারের উল্টোপাশে তার প্রত্যয়ন থাকতে হবে।<br>২. লগবহিতে ভাউচারের সাথে সঙ্গতি রেখে যথাযথভাবে পেট্রল ও লুব্রিকেন্ট ব্যবহার সংক্রান্ত তথ্য উত্তোলন করতে হবে।<br>৩.জেলার সকল রাজস্ব খাতের কর্মকর্তা/কর্মচারীগণকে মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে যেয়ে পিডিএস আপডেট করতে হবে।<br>৪. প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে অগ্রিম ভ্রমণসূচির অনুমোদন গ্রহণ ও তাঁর পূর্ববর্তী মাসের সংশোধিত ভ্রমণ ব্যয় বিল দাখিল ও অনুমোদন গ্রহণের বিষয়ে তৎপর থাকার জন্য অনুরোধ করা হয়।<br>৫. অডিট আপত্তি থাকলে তার জবাব দ্রুত প্রেরণ ও আপত্তি নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হয়।<br>৬. প্রত্যেক উপজেলা কার্যালয় পরিদর্শন সংক্রান্ত নির্ধারিত প্রতিবেদন হালনাগাদ রাখার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৪৯.০০২.১৯.৪১৪

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯
০৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপপরিচালক(ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।
৪) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।
৫) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা(সকল), নাটোর।
৬) সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা